

সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩৬২৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৮৬, ১৪৮৮]

১৯। ত্বলাক (তালাক) (كتاب الطلاق)

পরিচ্ছেদঃ ৯. স্বামীর মৃত্যুকালীন ইদ্দাতে বিধবা স্ত্রীর শোক পালন করা ওয়াজিব এবং অন্যান্যদের মৃত্যুতে তিন দিনের বেশি শোক পালন করা হারাম

باب وُجُوبِ الإِحْدَادِ فِي عِدَّةِ الْوَفَاةِ وَتَحْرِيمِهِ فِي غَيْرِ ذَلِكَ إِلاَّ ثَلاَثَةَ أَيَّامٍ

আরবী

বাংলা

৩৬২৫-(৬১/১৪৮৬-১৪৮৮) আবৃ বকর ইবনু শায়বাহ ও আমর আন নাকিদ (রহিমাহুমাল্লাহ) হুমায়দ ইবনু নাফি (রহঃ) থেকে বর্ণিত। তিনি যায়নাব বিনতু আবৃ সালামাকে উন্মু সালামাহ ও উন্মু হাবীবাহ (রাযিঃ) থেকে হাদীস বর্ণনা করতে শুনেছেন। তারা উল্লেখ করেন যে, জনৈকা মহিলা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এলো। তিনি তার (রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর) কাছে উত্থাপন করলেন যে, আমার মেয়ের স্বামী মারা গিয়েছে। (তার শোক পালন করতে গিয়ে) তার চোখে অসুখ হয়েছে। সে এখন তার চোখে সুরমা ব্যবহার করতে চায়। তখন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ (জাহিলিয়াত যুগে স্বামীর মৃত্যুতে) তোমাদের কেউ এক বছর পূর্তি পর্যন্ত উটের বিষ্ঠা নিক্ষেপ করত। আর এখন তো মাত্র চারমাস দশদিন। (ইসলামিক ফাউন্ডেশন ৩৫৯১, ইসলামীক সেন্টার ৩৫৯১)

English

Zainab bint Abu Salama reported: Umm Salama and Umm Habiba (Allah be pleased with them) were talking



with each other (and saying) that a woman came to Allah's Messenger (ﷺ) and mentioned to him that her daughter had lost her husband, and her eyes were sore and she wnted to use collyrium, whereupon Allah's Messenger (ﷺ) said: One among you used to throw dung at the end of a year, and now (this abstinence from adornment) is only for four months and ten days.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ হুমায়দ ইবনু নাফি (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন